

Estate Office  
University of Dhaka  
Dhaka -1000, Bangladesh.  
Phone:9661900-73/4199, 4195  
Fax: +88-02-55167810  
Email: estateoffice.du@gmail.com



এস্টেট অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১০০০, বাংলাদেশ  
ফোন: ৯৬৬১৯০০-৭৩/এক্স-৪১৯৯, ৪১৯৫  
ফ্যাক্স: ৮৮-০২-৫৫১৬৭৮১০  
Email:estateoffice.du@gmail.com

## জুলাই ছাত্র-জনতা অভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণ বিষয়ক অতি জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জুলাই অভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২০২৪ সনের পহেলা জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত দীর্ঘ ৩৬ দিন শিক্ষার্থীদের উদ্যোগে দেয়াল জুড়ে স্বেচ্ছাচার বিরোধী আন্দোলন, গণহত্যা নিদর্শন এবং শহিদ ও আহতদের আত্মত্যাগের স্মৃতি নিদর্শন স্বরূপ গ্রাফিতি লিখন গুলো জরুরী ভিত্তিতে সংরক্ষণ করা আমাদের সকলের দায়িত্ব।

এই বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য আরও জানানো যাচ্ছে যে, ছাত্র-জনতা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভবিষ্যৎ ইতিহাস সংরক্ষণে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দেয়াল জুড়ে গ্রাফিতি বা লিখন গুলো কোনো ভাবেই মুছে ফেলা বা এর কোনো রূপ ক্ষতিসাধন করা যাবে না। কোনো কারণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের কোনো দেয়ালে এই গ্রাফিতি বা লিখন গুলো নষ্ট হলে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উদ্যোগে সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হবে। জুলাই অভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণে প্রশাসনিক আদেশ অমান্য করা হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত-

এস্টেট ম্যানেজার (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭৫৭২৯৪৩৪৯

নং এস্টেট: ৫৪৪৯ (১২)

তারিখ: ১৪ পৌষ ১৪৩১  
২৯ ডিসেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হলো:

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় {বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।}
৭. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়
৮. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলরের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
৯. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
১০. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)-এর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
১১. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
১২. সভাপতি/ সাধারণ সম্পাদক, সকল আবাসিক এলাকা কল্যাণ সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়

স্বাক্ষরিত-

এস্টেট ম্যানেজার (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

